তারিখ 06 JAN 1991
পৃষ্ঠা ৩ কলাম ২

দৈনিক ইত্তেফাক

## রাজশাহী বোর্ডে ৮৬৪ জন ছাত্র-ছাত্রীর এসএসসি পরীক্ষা বাতিল

॥ রাজশাহী অফিস ॥

মেয়াদ উত্তীর্ণ নিবন্ধনপত্র, ঘষামাজা প্রধেশপত্র, ভুয়া জাল ও মিথ্যা নিবন্ধন নম্বর উল্লেখ, ছাড়পত্র ব্যতীত বিদ্যালয় পরিবর্তন এবং এক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর অন্য বিদ্যালয় হইতে পূরণকৃত

(৪র্থ পৃঃ দ্রঃ)

### রাজশাহী বোর্ডে

( ৩য় পৃঃ পর )

আবেদনপত্র প্রভৃতি অভিযোগের প্রেক্ষিতে রাজশাহী বোর্ড কর্তৃপক্ষ ১৯৯০ সনের ৮৬৪ জন এস,এস,সি ছাত্র-ছাত্রীর পরীক্ষা বাতিল করিয়াছেন।

বোর্ড সূত্রে প্রকাশ, উল্লিখিত বিষয়ের প্রতি দৃষ্টি দিয়া এই ধরনের উপায়ে ফরম পূরণ করিতে নিষেধ করা হইয়াছিল। তবুও প্রায় দুই হাজার এই ধরনের আবেদন পত্র আসে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে তাহাদের ১৪০৪ জনকে প্রভেশনাল পরীক্ষার্থী বলে সুযোগ দেয়। পরে স্কুল কর্তৃপক্ষের অনুরোধে ও চাপে শিক্ষামন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ভালভাবে কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা শেষে এবং বৈধ কাগজপত্রের প্রাপ্তি সাপেক্ষে কয়েকদফায় ৫৮৩ জনকে পাসের ফল দেওয়া হয়। অবশিষ্ট ৮৬৪ জনের ফল বাতিল করা হয়।